

বাউধান২ কী?

বাউধান২ একটি রোপা আমন ধানের জাত। ১৯৯৫ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এ জাত উদ্ভাবন করে। এটি আলোক-সংবেদনশীল জাত। বাউধান২-এর জীবনকাল ১৪০-১৫০ দিন। তবে নাবি রোপণে জীবনকাল ১৩০-১৪০ দিনে নেমে আসে। এর উচ্চতা ৯৫-১০৫ সেন্টিমিটার। ফলন স্বাভাবিক সময়ে রোপণের ক্ষেত্রে হেক্টরপ্রতি প্রায় ৫ টন এবং নাবি রোপণের ক্ষেত্রে হেক্টরপ্রতি প্রায় ৩.৪ টন। ধান পাকার পরও এর ডিগপাতা সবুজ থাকে। এ ধানের রঙ উজ্জ্বল সোনালি। চাল সাদা এবং ভাত ঝরঝরে ও সুস্বাদু।



চিত্র : বাউধান২

চাষাবাদ পদ্ধতি

- বীজতলায় বীজ বপন : ১-৭ জুলাই (স্বাভাবিক)।
১-৭ আগস্ট (নাবি রোপণের ক্ষেত্রে)।
- চারার বয়স : ৩০-৪০ দিন (নাবি রোপণের ক্ষেত্রে চারার বয়স বেশি হওয়া আবশ্যিক)।
- রোপণ দূরত্ব : ২০-১৫ সেন্টিমিটার। গোছাপ্রতি ৩/৪টি চারা রোপণ করতে হবে।
- সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) :

৫.১	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিঙ্ক
	২০	১৪	৯.৪	৮	১.৫
- ৫.২ রোপণের ১০ ও ২৫ দিন পর এবং কাইচ খোড় আসার সময় সমান ৩ কিস্তিতে ইউরিয়া সার উপরি প্রয়োগ করা।
- সেচ : খরাসহিষ্ণু জাত। তবে প্রয়োজনে ২-৩টি সম্পূরক সেচ দিতে হবে।
- আগাছা দমন : রোপণের পর অন্তত ২ বার আগাছা দমন করতে হবে।
- রোগবলাই দমন : বাউধানে রোগবলাই সাধারণত কম হয়। তবে প্রয়োজনে অনুমোদিত বলাই দমন পদ্ধতি অবলম্বন করা যেতে পারে।
- ফসল কাটা : অগ্রহায়ণ মাসের মাঝামাঝি থেকে শেষ পর্যন্ত।